161 দৈনিক বাংলা

তারিখ 02-SEP 1998 ৩
পৃষ্ঠা 8 কলাম

# ক্যাম্পাসে পানি ঘোলা করে মাছ শিকারের চেষ্টা হচ্ছে ঃ ভিসি

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এম. মনিরুজ্জামান মিঞা অভিযোগ করেছেন যে, কোন কোন মহল ঢাকা বিশ্ববিদ্যালয়ে পানি ঘোলা করে মাছ শিকারের অপচেষ্টায় লিপ্ত। তিনি বলেন, এরা যদি মনে করে থাকে যে, তারা বিশ্ববিদ্যালয় আবার বন্ধ করতে পারবে, তবে তারা ভুল করছে।

গতকাল মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল ছাত্র সংসদের অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন।

প্রফেসর মনিরুজ্জামান মিঞা বলেন, আমরা সবাই ক্যাম্পাসে সন্ত্রাস বন্ধ করার কথা বলি, তারপরও ক্যাম্পাসে কিভাবে সন্ত্রাস হয় বুঝি না। তিনি আরও বলেন, পুলিশ দিয়ে ক্যাম্পাসে শান্তি-শৃঙ্খলা রক্ষা করতে হবে, এটা আমরা চাই না। আমাদের অবশ্যই এ অবস্থা থেকে উত্তরণ ঘটাতে হবে।

জিয়াউর রহমান হল ছাত্র সংসদের সভাপতি এবং হলের প্রভোস্ট ডঃ মনিরুল হকের সভাপতিত্বে ছাত্র শিক্ষক কেন্দ্রে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন প্রো ভিসি প্রফেসর এমাজউদ্দীন আহমদ, ডাকসুর ভিপি আমানউল্লাহ আমান, জিএস খায়রুল কবীর খোকন, ছাত্র সংসদের ভিপি মনোয়ার হোসেন রানা প্রমুখ।